

নম্বর 202.19

নির্বাহী আদেশ

**দুর্যোগকালীন পরিস্থিতির জরুরি অবস্থা সংক্রান্ত অব্যাহত  
আইনের সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি - স্টেটের সর্বত্র সমস্ত কাউন্টিগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং আরো অব্যাহত হতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**উপরন্তু এখনই**, গভর্নর অ্যাল্ডু এম. কুওমো নিউ ইয়র্ক স্টেটের গভর্নর যেকোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা নিয়ন্ত্রণ, অথবা এর অংশগুলির সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করার জন্য স্টেটের দুর্যোগপূর্ণ জরুরি অবস্থা, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা আইন মেনে চলা দুর্যোগের জরুরি অবস্থা মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপকে বাধা দেয় বা বিলম্ব করে বা এই জাতীয় দুর্যোগ মোকাবেলায় সাহায্য বা সহায়তা করার প্রয়োজন হয়, তবে আমি কার্যনির্বাহী আইনের ধারা 29-a এর অনুল্লেখ 2-B অনুযায়ী আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, 17 মে 2020 পর্যন্ত নিম্নোক্ত আইনগুলি সাময়িকভাবে স্বগিত করছি:

- শ্রম আইনের (Labor Law) সেক্সন 860-b এর সাবডিভিশন এক, ফেডারেল পেচেক প্রোটেকশন প্রোগ্রাম (Paycheck Protection Program) থেকে অর্থ সাহায্য পাওয়া এবং সেই অনুযায়ী কর্মচারীদের পুনরায় নিয়োগ করা একটি ব্যবসায়িক প্রতিষ্ঠানকে অনুমতি দেওয়ার প্রয়োজনীয়তার পরিসরে, ফেডারেল পেচেক প্রোটেকশন প্রোগ্রাম থেকে অর্থ সাহায্য পাওয়া একটি ব্যবসায়িক প্রতিষ্ঠান যখন প্রারম্ভিকভাবে কর্মচারীদের কাজে আসতে বারণ করে তখন এই সেক্সন অনুযায়ী তাকে আইনের আবশ্যিকতা অনুযায়ী বিজ্ঞপ্তি দিয়ে তা জানাতে হবে এবং এই সেক্সনের অধীনে তা যতটা শীঘ্র করা সম্ভব কিন্তু নব্বই দিনের মধ্যেই হতে হবে এরকম বাধ্যবাধকতা নেই।

**উপরন্তু,** দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুল্লেখ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃপক্ষের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 17 মে 2020 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- এতদ্বারা স্বাস্থ্য দপ্তর (Department of Health) একটি একক, স্টেটজুড়ে সমন্বিত পরীক্ষার অগ্রাধিকার প্রক্রিয়া স্থাপন করবে যার স্টেটের, সরকারি এবং বেসরকারি সমস্ত ল্যাবরেটরিগুলি প্রয়োজন হবে, যারা COVID-19 রোগ নির্ণয় পরীক্ষা সম্পাদন করবে, যাদের শুধুমাত্র এই ধরনের প্রক্রিয়া অনুযায়ী

COVID-19 রোগ নির্ণয় পরীক্ষা সম্পূর্ণ করতে হবে। এই ধরনের যে কোনো ল্যাবরেটরি এই সমন্বিত স্টেটব্যাপী প্রক্রিয়া দ্বারা যেভাবে নির্দেশ দেওয়া হয়েছে সেইভাবে সংস্থা বা ব্যক্তিবর্গের পরীক্ষাকে অগ্রাধিকার দেবে। এই ধরনের যে কোনো ল্যাবরেটরি, স্বাস্থ্য দপ্তরের কোনো ছাড় ছাড়া, এমন কোনো চুক্তিতে আবদ্ধ হবে না যা কোনো বেসরকারি বা সরকারি স্বস্থার জন্য পরীক্ষার সক্ষমতাকে সংরক্ষিত রাখবে এবং সেহেতু দপ্তরগুলির নিউ ইয়র্ক স্টেটে COVID-19 পরীক্ষাকে অগ্রাধিকার দেওয়ার এবং সমন্বিত করার সক্ষমতাতে প্রতিবন্ধকতা সৃষ্ট করবে। এই নির্দেশিকাটির যে কোনো লঙ্ঘনের জন্য একটি নাগরিক জরিমানা হতে পারে যা 10,000 ডলার বা এই সেক্সন অমান্য করে প্রদত্ত পরীক্ষার বিনিময়ে প্রাপ্ত অর্থরাশির তিন গুণের বেশি হবে না, এবং আরো বলা হয়েছে যে এই ধরনের ল্যাবরেটরিগুলির যে কোনো অপারেটিং সার্টিফিকেট বা লাইসেন্স প্রত্যাহার করার ক্ষমতা এতদ্বারা কমিশনারকে দেওয়া হয়েছে।

- নির্বাহী আদেশ 202.18 এ থাকা নির্দেশিকার আবশ্যিকতা অনুযায়ী স্বাস্থ্য কমিশনারের লাইসেন্স প্রাপ্ত বা নিয়ন্ত্রিত যে কোনো দক্ষতায়ুক্ত নার্সিং ফেসিলিটি, নার্সিং হোম, বা প্রাপ্তবয়স্কের পরিচর্যা ফেসিলিটিকে COVID-19 এর জন্য ইতিবাচক ফলাফল আসা, বা COVID-19 সম্পর্কিত মৃত্যু হওয়া একজন আবাসিকের পরিবারের সদস্য বা নিকট আত্মীয়কে, 24 ঘন্টার মধ্যে জানাতে হবে, এবং এই বিষয়টি মান্য না করার জন্য প্রতিদিন 2,000 ডলার জরিমানা পরিশোধ করতে হবে বলে এতদ্বারা পরিমার্জিত করা হয়েছে, যেহেতু সেটি জনস্বাস্থ্য আইনের (public health law) সেক্সন 12 অমান্য করা, এবং পরবর্তী যে কোনো লঙ্ঘন জনস্বাস্থ্য আইনের সেক্সন 12-b অনুযায়ী লঙ্ঘন হলে তা শাস্তিযোগ্য হবে।
- স্টেট স্বাস্থ্য দপ্তরের সাথে আলোচনা না করে কোনো স্থানীয় প্রশাসন বা স্থানীয় দপ্তর, জনস্বাস্থ্যকে ক্ষতিগ্রস্ত করতে পারে এমন কোনো পদক্ষেপ নেবে না। কোনো স্থানীয় সরকারি আধিকারিক, COVID-19 জনস্বাস্থ্যের আপৎকালীন পরিস্থিতি পরিচালনা সংক্রান্ত এমন কোনো পদক্ষেপ নিতে পারবেন না যা অন্য কোনো স্থানীয় প্রশাসনের, স্টেটের পদক্ষেপগুলিকে বাঁধা দেবে বা কোনো দ্বন্দ্বের সৃষ্টি করবে।

আমার স্বহস্তে এবং অ্যালবেনি স্টেটের সরকারি

সিলমোহর সহ দুই হাজার বিশ সালের

এপ্রিল মাসের সতের তারিখে এটি প্রদান

করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব